

কোর্ট প্রধান অফিস, ঢাকা। তারিখ: ৮ জুন ২০১৪।

প্রতি : সকল আরপি/প্রকল্প সমন্বয়কারী

হতে : পরিচালক

বিষয় : নতুন সাইকেল ক্রয়, সাইকেল চালানো এবং না চালালে জরিমানা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আমরা লক্ষ্য করে আসছি আমাদের মাঠ পর্যায়ের ঋণ ও উন্নয়ন কর্মকর্তা, কর্মসূচি সংগঠক এবং সমপর্যায়ের অন্যান্য প্রকল্পের কর্মীগণ সাইকেল চালানোর প্রতিশ্রুতি দিয়ে সংস্থায় যোগদান করলেও এখন সাইকেল চালাচ্ছেন না। তাই এ ব্যাপারে আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. সকল পুরুষ ঋণ ও উন্নয়ন কর্মকর্তা ও কর্মসূচি সংগঠক এবং যে সকল নারী কর্মী সাইকেল চালানোর প্রতিশ্রুতি দিয়ে যোগদান করলেও এখন কেউ কেউ সাইকেল চালাচ্ছেন না। উরোক্ত পর্যায়ের কর্মীগণ সাইকেল চালিয়ে মাঠে না গেলে প্রতিদিনের জন্য সংশ্লিষ্ট কর্মীকে ১০০/- (এক শত) টাকা জরিমানা করা হবে যা তার সে মাসের মাসিক বেতন থেকে কর্তন করা হবে। যে সব নারী কর্মী বর্তমানে সংস্থায় কাজ করছেন তাদেরকেও সাইকেল চালাতে উদ্বোধন করতে হবে।
২. যে সকল পুরুষ কর্মীদের সাইকেল নেই তাদের জন্য শাখা ব্যবস্থাপক এবং প্রকল্পের ক্ষেত্রে হিসাব ও প্রশাসন কর্মকর্তার দায়িত্বে সংশ্লিষ্ট কর্মীর জুন ২০১৪ মাসের বেতন থেকে টাকা রেখে সাইকেল ক্রয় করে দিতে হবে। যে সকল কর্মীর সাইকেল তিন বছরের অধিক হয়েছে তাদেরকেও নতুন সাইকেল কিনতে হবে।
৩. এখন থেকে নতুন যোগদানের ক্ষেত্রে নারী-পুরুষ উভয় কর্মীকেই (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নোক্ত মডেলের সাইকেল নিয়ে সংস্থায় যোগদান করতে হবে। কেউ যদি সাইকেল ছাড়া যোগদান নেন তাহলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৪. এ প্রক্রিয়াটি এলাকা ব্যবস্থাপক প্রকল্প সমন্বয়কারীর তত্ত্বাবধানে শাখা ব্যবস্থাপক বাস্তবায়ন করবেন। এ পর্যায়ে যদি কোন গাফিলতি ধরা পড়ে তাহলে সংশ্লিষ্টদের বিশেষ করে শাখা ব্যবস্থাপক ও এলাকা ব্যবস্থাপক এবং প্রকল্প ব্যবস্থাপকের বিরুদ্ধেও প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৫. সাইকেলের মডেল, কোম্পানি, দাম এবং চিত্র নিম্নে দেয়া হলো। এ মডেলের বাইরে কেউ সাইকেল কিনতে পারবেন না। সংশ্লিষ্ট কর্মী থেকে অগ্রিম টাকা পাওয়া সাপেক্ষে সংস্থা ঢাকা থেকে সাইকেল ক্রয়ের ব্যবস্থা করবে।
 - i. Meghna Abocate
 - ii. 26 inch height
 - iii. Black basket in front 10 inch x 13 inch
 - iv. Price : Taka 6700
 - v. Colour : Black mud-guard and other, body green
 - vi. Made in Bangladesh by Meghna group.



আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

সনত কুমার ভৌমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

ডিডি-এএফএন্ড এফএ

এডি-সিপি/এইচআরএম